তারিখ 28 MAR 2016
পৃষ্ঠা ৬ কলাম ৬

দৈনিক জনকণ্ঠ

# ইবিতে ভাংচুরের প্রতিবাদে মানববন্ধন

ইবি সংবাদদাতা ॥ ইসলামী বিশ্ববিদ্যালয়ে সনাতন ধর্মাবলম্বীদের প্রার্থনাকক্ষ ভাংচুরের ঘটনার প্রতিবাদে মানববন্ধন এবং ভিসি বরাবর স্মারকলিপি প্রদান করেছেন বিশ্ববিদ্যালয় সনাতন ধর্মাবলম্বী শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্রছাত্রীবৃন্দ। বিশ্ববিদ্যালয় পূজা উদযাপন কমিটির সভাপতি অধ্যাপক ড. অরবিন্দ সাহার সভাপতিত্বে রবিবার বেলা ১১টার দিকে প্রশাসন ভবনের সামনে মানববন্ধনটি অনুষ্ঠিত হয়। এ সময় বিভিন্ন বিভাগের সনাতন ধর্মাবলম্বী শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং শতাধিক শিক্ষার্থী উপস্থিত ছিলেন। সংক্ষিপ্ত সমাবেশে বক্তারা ভাংচুরের ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানান এবং দোষীদের চিহ্নিত করে শাস্তির দাবি করেন। মানববন্ধন শেষে দুপুর পৌনে ১২টার দিকে, ভিসি অধ্যাপক ড. আবদুল হাকিম সরকারের কাছে স্মারকলিপি প্রদান করেন তারা। গত ২৩ মার্চ বিকেল ৩টার দিকে বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে অবস্থিত সনাতন ধর্মাবলম্বীদের প্রার্থনাকক্ষ ভাংচুর করা হয়।